উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার আগস্ট/২০২২ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।

তারিখ ও সময় ঃ ১৭-০৮-২০২২ খ্রিঃ, বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। নিম্নে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যাতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়। | যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। পর পর দুই সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উর্ধ্বতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২। উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসের শেষের দিকে ৫-১২ বছর বয়সী সকল শিশুদের কোভিড-১৯ ভেক্সিন এর আওতায় আনার কর্মসূচী শুরু হবে। সকল সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে তাদের ছাত্র-ছাত্রীদের জন্মনিবন্ধন সনদের মাধ্যমে অনলাইন সুরক্ষা এপস্ নিবন্ধিত করার জন্য অনুরোধ করেন। | এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বৃষ্টিহীনতার কারনে আমন আবাদ নিয়ে কৃষকরা চিন্তিত। জেলের পানি ধরে রেখে মাছ চাষ করে আবার কিছুদিন পর পর পানি ছেড়ে দেয়। ফলে চাষাবাদ সমস্যা হয় এ ব্যাপারে স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগিতার আহ্বান জানানো হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রাকৃতির পানি বন্ধ রেখে মাছ চাষ করা কৃষকদের চিহ্নিত করে এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার। |
| ৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, খামারীদের মাঝে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| ৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরের টিআর/কাবিখা বরাদ্দ পাওয়া গেছে। তালিকার জন্য বন্টন করে ইউনিয়নে পাঠানো হয়েছে। ২০২১-২২ অর্থ বছরের ৩টি ব্রিজের কাজ চলমান রয়েছে। বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্ন ইউনিয়নের নির্মির্ত বীর নিবাসের ২৯টির কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৬। পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানায় তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ৭। উপজেলা সমাজসেবা বিভাগ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক শিক্ষা বিভাগে জনবল সংকট বিদ্যমান। জনবল সংকটের কারণে সেবা প্রদানে হিমশিম খাচ্ছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নতুন কর্মকর্তা/কর্মচারী পদায়নে যথাযথ কর্তৃপক্ষকে অনুরোধ করে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |

| | | |
|---|---|---|
| ৯। মৎস্য বিভাগ ঃ উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ৬৫ দিনে সুমদ্রে মাছ ধরা বন্ধ উপলক্ষে ভিজিএফ চাল বিতরন অব্যহত রয়েছে। বর্তমানে ইলিশ ধরায় কোন নিষেধাজ্ঞা নেই। আনুমানিক সেপ্টেম্বরের শেষ সপ্তাহ নাগাদ নিষেধাজ্ঞা আসতে পারে। তবে রুই ও পাঙ্গাস মাছ ৯ ইঞ্চির নিচে এবং পিরানহা সহ অন্যান্য নিষিদ্ধ মাছ বাজারজাত করনে নিষেধাজ্ঞা রয়েছে। জেলে নিবন্ধন কার্যক্রম ও হালানাগাদ করণের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রকৃত জেলেদের মাঝে ভিজিএফ বিতরনের সঠিক তদারকি করনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক সঠিকভাবে চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, বসুরহাট পৌরসভায় পানি সরবরাহ প্রকল্প জন্য ওভার ট্যাংক ও টের্স্টমেন্ট প্লান্টের কার্যক্রম সহ পাইপ লাইন ও ড্রেনের কাজ চলমান আছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও পানি স্থাপনের কার্যক্রম চলমান আছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প হতে ২০২২-২৩ অর্থ বছরের জন্য প্রতি ইউনিয়নে ২৬টি করে ২০৮টি (১০০ SWTP ১০৮ DTW) বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | চলমান প্রকল্পসমূহ সঠিকভাবে তদারকি করা এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১১। পল্লী উন্নয়ন বিভাগ ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপকারভোগীদের মাঝে যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় এবং ক্ষুদ্রস্কীম বাস্তবায়নের কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |
| ১২। মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির ইউনিয়ন পর্যায়ে কমিটি থাকা সত্বেও কোন সভা করে রেজুলেশন অদ্যবধি পাওয়া যায় নি। এ ব্যপারে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদেরকে সভা আহবান করে রেজুলেশন প্রেরনের অনুরোধ করেন। দরিদ্রমার মাতৃত্বকালীন ভাতা ও কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচীর সমন্বিত রূপ "মা ও শিশু সহায়তা কর্মসূচী" নামে আগামীতে শুরু হতে যাছে। আইজিএ প্রকল্পের ১৬ ও ১৭তম ব্যাচ একত্রে চালু হলেও মহিলা বিষয়ক অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ১৬তম ব্যাচের কার্যক্রম ৬ঘন্টা করে চালু থাকবে এবং ১৭তম ব্যাচের কার্যক্রম আপাতত স্থগিত করা হয়েছে যা আগামী অক্টোবর-ডিসেম্বর সেশনে চালু হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রত্যেক ইউনিয়ন পরিষদকে সভা আহবান করে সভার রেজুলেশন পাঠানোর ব্যপারে সিদ্ধান্ত গৃহীত হয়। বিধি মোতাবেক প্রশিক্ষন কার্যক্রম চালিয়ে নেওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>খ) চেয়ারম্যান (সকল) ইউপি |
| ১৩। সমবায় বিভাগ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, আগামী ১০/০৯/২০২২ খ্রি: তারিখে বসুরহাট বস্ত্র ব্যবসায়ী সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে সকলের সহযাগিতা কামান করেন। দক্ষিন চরএলাহী আশ্রয়ন প্রকল্প হতে আসন ও সার্ভিস চার্জ সহ ২৫০০/- টাকা আদায় এবং দক্ষিন গাংচিল আশ্রয়ন ফেইজ ২ প্রকল্প হতে আসল ও সার্ভিস চার্জ সহ ১০০০/- টাকা আদায় করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপকারভোগীদের মাঝে যথাযথভাবে ঋণ বিতরণ ও আদায় বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান ২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণে কোন বরাদ্দ না থাকায় প্রশিক্ষন কার্যক্রম শুরু করা হয়নি। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষন চলছে। প্রশিক্ষণার্থীদের মধ্যে ৫৮৫১জন আত্মকর্ম গ্রহন করেছে। অন্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | প্রকৃত বেকার যুবক/যুব মহিলাদের প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং ঋণ বিতরণ কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়া ও যথাসময়ে ঋণ আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ |
| ১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় শোক দিবস ২০২২ এ উপজেলার সকল কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবসের তাৎপর্য তুলে ধলে আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও কবিতা আবৃত্তির প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের অনান্য শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন/তদারকি জোরদার করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৬। বন বিভাগ ঃ রেঞ্জ অফিসার সভায় উপস্থিত জানান, সুফল প্রকল্পের আওতায় চরপার্বতী মৌলভী বাজারের দক্ষিনে কাঠের সেতু এলাকায় ছোট ফেনী নদীর পাড় হয়ে নুর উল্যাহ মেম্বারের বাড়ী পর্যন্ত ৭.০০ কি:মি: বাগান সৃজন করা হয়। একই এলাকায় কাঠের সেতু এলাকায় পূর্ব পাড়ে আরও ৭.০০ কি:মি: বাগান করার কাজ অব্যহত আছে। চরপার্বতী ৫নং ওয়ার্ড জনতা বাজারের পূর্ব হইতে চেয়ারম্যান ঘাট হয়ে মাবুল্যার ঘাট মালটা বাগান ৬নং ওয়ার্ড পর্যন্ত ৩০.০০কি:মি: বাগানের কাজ অব্যহত আছে। ৬নং ওয়ার্ড মালটা বাগানের পশ্চিমে বেড়ী বাঁধ হয়ে মেহেরুন্নেছা এলাকা পর্যন্ত ৮.০০ কি.মি বাগান সৃজনের কাজ অব্যহত আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিধি মোতাবেক বনায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ |

| | | |
|---|---|---|
| ১৭। পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ |
| ১৮। সহকারী প্রোগ্রামার ঃ উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। পোর্টালে তথ্য সংযোজন এবং হালনাগাদ চলমান রয়েছে।ই-নথি এবং পোর্টালের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারি দপ্তরসমূহে ই-নথি ব্যবহার, ওয়েব পোর্টাল হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার |
| ১৯। উপজেলা খাদ্য অফিস ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত ১০২৫ মে:টন চালের মধ্যে বসুরহাট এলএসডি ৯৪৬ মে:টন চাউল স্থানীয় মিলার থেকে ক্রয় করা হয়েছে। ধান ক্রয় সংগ্রহ এখনো চলমান রয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তাদের নামের তালিকা ছবিসহ আপলোড যাচাই বাছাই চলছে। আগামী মাস থেকে ওএমএস কার্যক্রম শুরু হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সরকারি বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২০। বিএডিসি বিভাগ ঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) কর্মকর্তা সভায় জানান নিজ ইউনিয়নরে খাল (সংস্কার/পুন:খনন) ছোট ও মাঝারি আকারের হাইড্রোলিক স্ট্রাকচার (কালভার্ট) নির্মানের চাহিদা প্রদান করার জন্য অনুরোধ করা হয়। তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি। | বিধি মোতাবেক চাহিদাপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) |
| ২১। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | উপ-সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ, নোয়াখালী পর পর কয়েকটি সভায় অনুপস্থিত থাকায় তার বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২২। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদুৎ) সভায় জানায় কোম্পানীগঞ্জ উপজেলায় ২২০০০ গ্রাহকের মধ্যে ১,৯২,০০০০০/- টাকা বকেয়া আছে। সাধারন গ্রাহকদের তেমন কোন বকেয়া নেই। কোম্পানীগঞ্জ থানার অনেক টাকা বকেয়া রয়েছে এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী (বিদুৎ) |
| ২৩। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদুৎ) সভায় সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম বিষয়ে আলোচনা করা যায়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ করা হয়। | ডিজিএম (পল্লী বিদুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। |
| ২৪। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর (স্বাস্থ্য, শিক্ষা, আইন, জেন্ডার কৃষি এবং ব্যবসা সম্পর্কিত তথ্য) সেবা এবং তথ্য কেন্দ্রের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। সেবা গৃহীতার তালিকা ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, |
| ২৫। উপজেলা প্রকৌশলী: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (১) স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.০০৬.২০-৬৩০, তারিখ ঃ ১০-০৮-২০২২ ইং এর মাধ্যমে নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলা পরিষদের অধীন একটি পরিত্যক্ত ও জরাজীর্ণ আধাপাকা গোডাউন ভবন নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন প্রদান করেন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দপ্তরের স্মারক নং-০৫.৪২.৭৫২১.০০০.৫৭.০০১.২০২১-১৩০১, তারিখঃ ১৬-০৮-২০২২ ইং পত্রে মর্মানুযায়ী বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিদের্শনা প্রদান করেন। তৎপ্রেক্ষিতে নিম্ন বর্নিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিলাম কমিটি গঠন করা হইল।<br><br>০১। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ,নোয়াখালী। আহবায়ক<br>০২। উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ,নোয়াখালী সদস্য<br>০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কোম্পানীগঞ্জ,নোয়াখালী সদস্য<br>০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কোম্পানীগঞ্জ,নোয়াখালী সদস্য<br>০৫। উপজেলা প্রকৌশলী ,কোম্পানীগঞ্জ,নোয়াখালী সদস্য সচিব<br><br>(২) উপজেলা প্রকৌশলী,কোম্পানীগঞ্জ,নোয়াখালী জানান যে,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের স্মারক নং-৪৬.০২.০০০০.২০২.৯৯.০০১.২০-১৫৫১, তারিখ : ১৭-০৭-২০২২ ইং এর মাধ্যমে গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার Connectivity বৃদ্ধির একটি দক্ষ সড়ক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সড়ক এবং সড়ক অবকাঠামোর সুবিন্যস্ত তথ্য সম্বলিত একটি নির্ভরযোগ্য রোড ইনভেন্টরী তৈরীর জন্য অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হইতে গ্রামীন সড়কের নতুন তালিকা প্রদানের জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক সকল ইউনিয়ন হইতে মোট=১২৮টি নতুন সড়কের তালিকা পাওয়া যায় (তালিকা সংযুক্ত)। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অধীন পরিত্যক্ত ও জরাজীর্ণ আধাপাকা গোডাউন ভবন নিলামে বিক্রয়ের জন্য গঠিত কমিটি সর্বসম্মতি ক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হইল।<br><br>খ) বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হইতে প্রাপ্ত ১২৮ টি নতুন গ্রামীণ সড়ক এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হইল। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| ২৬। চেয়ারম্যান, ২নং চরপার্বতী ইউপি জানান যে, চৌধুরীহাট বাজার মাছ বাজারের ঘরসমূহ সংস্কার করা দরকার । ৩টি ক্লিনিকের একটি ক্লিনিকও ব্যবহার উপযোগী নয়। এগুলো জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। ক্লোজার পানি ব্যবহার করে উন্মুক্ত জলাশয়ে মৎস্য চাষ করা হলে কর্মসংস্থানের সৃষ্টি হবে। এছাড়া ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ইউনিয়ন স্বাস্থ্য ও প:প: কেন্দ্র সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পরিত্যক্ত জলাশয়সমূহ মৎস্য চাষের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>৪। চেয়ারম্যান, ২নং চরপার্বতী ইউপি |
| ২৭। চেয়ারম্যান, ৩নং চরহাজারী ইউপি জানান যে, চরহাজারী ৯নং ওয়ার্ডে ৬০০০ লোকের বসবাস। উক্ত ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই। কমিউনিটি ক্লিনিকে নরমাল ডেলিভারী চলমান রয়েছে। কিন্তু সার্বক্ষনিক সেবা প্রদানের জন্য একটি ডাক্তার প্রয়োজন। চরহাজারী টু বসুরহাট সড়কের অবস্থা খুবই নাজুক, দ্রুত এটি সংস্কার করা প্রয়োজন। এছাড়া ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | চরহাজারী ৯নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নির্মাণ ও চরহাজারী টু বসুরহাট সড়কের সংস্কার কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা<br>২। উপজেলা প্রকৌশলী<br>৩। চেয়ারম্যান, ৩নং চরহাজারী ইউপি |
| ২৮। চেয়ারম্যান, ৫নং চরফকিরা ইউপি জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর উদ্যোগে দিয়ারা বালুয়া মসজিদে একটি নলকূপ স্থাপন করা হয়েছে কিন্তু অদ্যবধি পানির টাংকি স্থাপন করা হয়নি। চাপ্রাশিরহাট সড়কের উন্নয়ন কাজ জানুয়ারী মাসে শুরু হলেও অদ্যবধি কাজ শেষ হয়নি। অত্র ইউনিয়নের ৬নং ওয়ার্ডে প্রবল নদী ভাঙ্গনের সৃষ্টি হয়েছে। এ ব্যপারে সকলের সহযোগিতা কামনা করেন। | জরুরী ভিত্তিতে দিয়ারা বালুয়া মসজিদে পানির টাংকি স্থাপনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২৯। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, কোম্পানীগঞ্জ উপজেলা জানান, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(UGDP)" -এর ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) অবকাঠামো উন্নয়ন বাবদ বরাদ্দকৃত ৫,৯৯৯,৫২১/= (উনষাট লক্ষ নিরানব্বই হাজার পাঁচ শত একুশ) টাকার (ট্যাক্স ও ভ্যাট ব্যতীত)বিপরীতে (০৪)টি অবকাঠামো(Infrastructure) উপ-প্রকল্পের নম্বর: INF - ২০১৯-২০-২০৭৫২১-০১ হতে ০৪ মধ্যে ০১,০২ ও ০৩ উপ-প্রকল্পগুলো ঠিকাদারের বিল ইতিমধ্যে দেওয়া হয়েছে এবং ০৪ নং উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়োগকৃত ঠিকাদার নির্মাণ কাজ যথাযথ ভাবে সম্পন্ন করেছে, এমতাবস্থায় বর্ণিত উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত কাজের বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থছাড়ের জন্য উপজেলা পরিষদের অনুমোদন প্রয়োজন। | UGDP এর ৪থ পর্যায়ে (২০১৯-২০২০) অবকাঠামো উন্নয়ন বাবদ বরাদ্দকৃত ৫,৯৯৯,৫২১/= উনষাট লক্ষ নিরানব্বই হাজার পাঁচ শত একুশ টাকা লক্ষটাকার (ট্যাক্স ও ভ্যাটব্যতীত) বিপরীতে এশটি (০৪)টি অবকাঠামো (Infrastructure) উপ-প্রকল্পের নম্বর: - INF ২০১৯-২০-২০৭৫২১-০১ হতে ০৪ মধ্যে ০১,০২ ও ০৩ উপ-প্রকল্পগুলো ঠিকাদারের বিল ইতিমধ্যে দেওয়া হয়েছে এবং ০৪ নং উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়োগকৃত ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত বিল প্রদানের অনুমোদন দেয়া হয়। ঠিকাদার প্রতিষ্ঠানকে চূড়ান্ত বিল প্রদানের নিমিত্তে প্রকল্প ব্যবস্থাপনা অফিস থেকে অর্থ ছাড়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর-কে অনুরোধ করা হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>খ) উপজেলা নির্বাহী অফিসার,<br>গ) উপজেলা প্রকৌশলী,<br>ঘ) উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ২৬। উপজেলা পরিষদ বিবিধ :<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের আবাসিক কেয়াটারের বকেয়া বিদুৎবিল, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল ও উপজেলা পরিষদের সিড়ি ঘর সংস্কার বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের আবাসিক বকেয়া বিদ্যুৎ বিল, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার এর মজুরী, পত্রিকার বিল, উপজেলা পরিষদ ভবনের সিড়ি ঘরের সংস্কার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ |

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ,নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.১৮- ১৩৭৫ তারিখ ঃ ৩০ আগস্ট ২০২২

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।

০৭। উপজেলা ........................................................ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৮। চেয়ারম্যান, .............................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

মোঃ মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪
E-mail: unocompaniganjnoakhali@mopa.gov.bd